মাধবদী থানায় হামলার ঘটনায় মামলা দায়ের

হলধর দাস,নরসিংদী:: গত সোমবার ডাকাতি মামলায় গ্রেফতারকৃত আসামীদের থানা থেকে ছিনিয়ে নিতে ব্যর্থ হয়ে থানায় হামলার ঘটনায় মাধবদী থানায় ১৯ জনকে এজাহারভুক্ত এবং আরো অজ্ঞাতনামা ৩০ জনকে আসামি করে একটি মামলা দায়ের করা হয়েছে। ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে পুলিশ ৭ জনকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে।
ধৃত আসামিরা হচ্ছে কামাল হোসেন(৩৭) ইদ্রিস আলি(৬৪) বিল্লাল হোসেন(৩৪) মোবারক হোসেন(৪২) বিদ্যুৎ(১৮) অভি মিয়া(১৯) ও মজিবুর রহমান(৫৮)।
পুলিশ জানায়, গত সোমবার তেলবাহী ট্রাক ছিনতায় ঘটনায় মাধবদী থানা পুলিশ মো: তানভীর(৩৪) পিতা: আজী দেলোয়ার হোসেন। মো: ইমরান হোসেন(১৯) পিতা: শফিক মিয়া সর্বসাং টাটাপাড়া, মাহাবুবুর রহমান অপু(৩৪) পিতা: মো: কাউসার মিয়া সাং: বিরামপুর, মো: হিমেল আহম্মেদ (৩২) পিতা: রিয়াজ উদ্দিন সাং নগর বানিয়াদি সর্ব থানা মাধবদী নরসিংদীদের গ্রেফতার করা হয়।
এ ঘটনা জানা জানি হয়ে গেলে ৩০-৪০ জন দুর্বৃত্ত আসামিদের জোরপূর্বক ছিনিয়ে নেওয়ার জন্য থানায় হামলা চালায় এবং বিভিন্ন আসবাপত্র ভাংচুর করে আসামিদের ছিনিয়ে নিতে ব্যর্থ হয়ে চলে যায়। এ ঘটনায় এজাহারভুক্ত ১৯ জনকে এবং অজ্ঞাতনামা আরো ৩০ জনকে আসামি করে মাধবদী থানায় একটি মামলা দায়ের করা হয়।